গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.৩২.২৩০.২২- ৯৭

তারিখঃ ২২ মাঘ ১৪৩১
০৫ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: নাটোর জেলার গোপালপুর পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত অতিরিক্ত উন্নয়নমূলক (এডিপি) কাজের বিল ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত এডিপি'র অর্থ দ্বারা পরিশোধ প্রসঙ্গে।

সূত্র: গোপালপুর পৌরসভা কার্যালয়, নাটোর হতে প্রাপ্ত পত্র নং-৭৬৯, তারিখ: ১১/১২/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালপুর পৌরসভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি (বিশেষসহ) সর্বমোট ৯৩,৬২,০০০/- (তিরানব্বই লক্ষ বাষট্টি হাজার) টাকা বরাদ্দ পায়। জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে ১,৬৫,৬৮,৭০৬/- (এক কোটি পঁয়ষট্টি লক্ষ আটষট্টি হাজার সাতশত ছয়) টাকার উন্নয়নমূলক কাজ করা হয়। বরাদ্দকৃত অর্থ অপেক্ষা অতিরিক্ত উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করায় উক্ত কাজের বিল পরিশোধ করা সম্ভব হয়নি। সে প্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থ বছরের পৌরসভার অনুকূলে যে বরাদ্দ প্রদান করা হবে তা থেকে উক্ত বকেয়া বিল পরিশোধের জন্য প্রশাসক, গোপালপুর পৌরসভা, নাটোর কর্তৃক নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করা হয়।

০২। এমতাবস্থায়, গোপালপুর পৌরসভা, নাটোর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত বার্ষিক উন্নয়ন প্রকল্পের (এডিপি) অতিরিক্ত উন্নয়নমূলক প্রকল্পের কি পরিমাণ কাজ করা হয়েছে, কাজের গুনগত মান ও কার্যাদেশ ইত্যাদি সার্বিক বিষয়ে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে....০৯......ফর্দ।

০৫/০২/২০২৫
(মোঃ মামুনুর রশিদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

উপপরিচালক
স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নাটোর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, নাটোর।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রশাসক, গোপালপুর পৌরসভা, নাটোর।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

ফ্যাক্সঃ ০৭৭২৫-৭৫০৫১ টেলিফোনঃ ০৭৭২৫-৭৫০৫০


*শহর পরিচ্ছন্ন রাখুন *নিয়মিত পৌরকর পরিশোধ করুন *জন্ম-মৃত্যু লিপিবদ্ধ করুন

গোপালপুর পৌরসভা, নাটোর
স্থাপিতঃ ১৯৯৮ ইং

# গোপালপুর পৌরসভা কার্যালয়

## লালপুর, নাটোর।

E-mail: gopalpurpaurashava@gmail.com

স্মারক সংখ্যাঃ গোঃপৌঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/৭৬৯ তারিখঃ ১১/১২/২০২৪ ইং ।

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত অতিরিক্ত উন্নয়ন মুলক (এডিপি) কাজের বিল ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত এডিপি অর্থ দ্বারা পরিশোধ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গোপালপুর পৌরসভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি(বিশেষ সহ) অর্থ বরাদ্দ পাওয়া যায় ৯৩,৬২,০০০.০০(তেরানব্বই লক্ষ বাষট্টি হাজার) টাকা। জনসাধারনের চাহিদার প্রেক্ষিতে ১,৬৫,৬৮,৭০৬.০০(এক কোটি পঁয়ষট্টি লক্ষ আটষট্টি হাজার সাতশত ছয় ) টাকার উন্নয়ন মুলক কাজ করা হয় । বরাদ্দকৃত অর্থ অপেক্ষা অতিরিক্ত উন্নয়ন মুলক কাজ বাস্তবায়ন করায় উক্ত কাজের বিল পরিশোধ করা সম্ভব হয়নি । ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে । ঠিকাদারগন বিল চাহিয়া আবেদন করেছেন । ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত এডিপি অর্থ দ্বারা ২০২৩-২০২৪ অর্থ বছরের বিল পরিশোধের সদয় অনুমতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো ।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডাইরি নং........ | |
| তারিখঃ........ | স্বাক্ষর |

১১/১২/২০২৪

(মোঃ মেহেদী হাসান)
প্রশাসক
গোপালপুর পৌরসভা,নাটোর।

প্রাপক,
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং তাং
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্মসচিব
স্থানীয় সরকার বিভাগ

দৃষ্টি আকর্ষন ঃ
সিনিয়র সহকারী সচিব
পৌর-২ শাখা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর........ তারিখ........
১। যুগ্মসচিব-(নঃউঃ-১/২/৩)
২। উপসচিব/সিঃসহঃসঃ-(সিঃকঃ-১/২)
৩। উপসচিব/সিঃসহঃসঃ-পৌরঃ-১/২)
৪। উপসচিব/সিঃসহঃসঃ-(নঃউঃ-১/২/৩)
অতিরিক্ত সচিব (নঃ উঃ)

তারিখ........
ডায়েরি নং........
গ্রহণ ও প্রেরণ শাখা
স্থানীয় সরকার বিভাগ